

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৮.

তারিখ:

২৩ বৈশাখ ১৪২৬

০৬ মে ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মুহাম্মদ মুশফিকুর রহমান (২৪৫০৩), প্রভাষক (মার্কেটিং), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ীকে গত ০১.০১.২০১৭ তারিখ থেকে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ৩১.০৩.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। জনাব মুহাম্মদ মুশফিকুর রহমান এর জবাবে জানান যে, তিনি বিশ্ববিদ্যালয় থেকে ডিনস অ্যাওয়ার্ড প্রাপ্ত তিনি একজন মুক্তিযোদ্ধার সন্তান। ৩২তম বি.সি.এস. এ মার্কেটিং বিভাগে তিনি প্রথম স্থান অধিকার করেছিলেন। ২০১১ সালে তার বাবা মারা যান। তিনি তার পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। বর্তমানে চাকরিবিহীন অবস্থায় নিদারুন অর্থ সংকটে মানসিক ও শারিরিক ভাবে পর্যুদস্ত অবস্থায় অতিকষ্টে দিনাতিপাত করছেন। তার পরিবারের অস্তিত্ব রক্ষায় চাকরিটি তার একান্ত প্রয়োজন। তার অনাকাঙ্ক্ষিত ঘটনা এবং অনুপস্থিতির জন্য তিনি দুঃখ প্রকাশ করে ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক বিবেচনায় তার অননুমোদিত অনুপস্থিত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মুহাম্মদ মুশফিকুর রহমান (২৪৫০৩), প্রভাষক (মার্কেটিং), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাববন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তার অননুমোদিত অনুপস্থিতকাল ০১.০১.২০১৭ তারিখ হতে ৩১.০৩.২০১৯ তারিখ পর্যন্ত (২ বছর ২ মাস ৩০ দিন) বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ০২.০৫.২০১৯

(মোঃ সোহরাব হোসাইন)

সিনিয়র সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৮.


তারিখ:

২৩ বৈশাখ ১৪২৬

০৬ মে ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মুহাম্মদ মুশফিকুর রহমান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৯। জনাব মুহাম্মদ মুশফিকুর রহমান (২৪৫০৩), প্রভাষক (মার্কেটিং), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী।



০৬/০৫/২০১৯  
(জাকিয়া খানম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৫৩২৭৬